

# আনন্দবাজার পত্রিকা

আনন্দবাজার পত্রিকা কলকাতা শুক্রবার ৫ জানুয়ারি ২০১৮

## এক নজরে

### পুরকর এ বার অনলাইনেও

- ▶▶ রাজ্যের পুরসভাগুলিতে অনলাইন কর ব্যবস্থা চালু হচ্ছে। বাড়িতে বসে কম্পিউটারের মাধ্যমে অনলাইনে পুরকর দিতে পারবেন বাসিন্দারা। তারই পাইলট প্রজেক্ট হিসেবে উত্তরপাড়ায় কোতরং পুরসভাকে বেছে নেওয়া হয়েছে। ১১ জানুয়ারি এই ব্যবস্থা চালু করবেন পুরমন্ত্রী ফিরহাদ হাকিম। পুর ও নগরোন্নয়ন দফতর সূত্রের খবর, ধাপে ধাপে এই ব্যবস্থা চালু হবে সব পুরসভাতেই। তার আগে আরও কয়েকটি পুরসভার কর-হার, বাসিন্দাদের নাম, বাড়ির নম্বর সংগ্রহ করা হচ্ছে। তার পরে ওই সেখানে অনলাইন চালু হবে। রাজ্যে পুরসভা ১০৮টি। প্রথমে এই প্রকল্প শুরু হবে চারটি পুরসভায়।